

3 (Sem-3/CBCS) BEN-HG/RC

2021

(Held in 2022)

BENGALI

Paper : BEN-HG/RC-3016

(Honours Generic/Regular Course)

Full Marks : 80

Time : 3 hours

The figures in the margin indicate full marks
for the questions

১। নির্দেশানুসারে উত্তর দাও :

১×১০=১০

(ক) ‘মেঘনাদবধ কাব্য’-এর প্রথম সর্গের নাম কী ?

(খ) “ক্রৌঞ্চবধু সহ ক্রৌঞ্চ নিষাদ বিধিলা,”

‘ক্রৌঞ্চ’ শব্দের অর্থ কী ?

(গ) “সম্মুখ _____ পড়ি, বীর চূড়ামণি”

(শূন্যস্থান পূরণ করো)

(ঘ) ‘সুরবালা’ কবিতাটির মুখ্য বিষয় কী ?

(2)

- (ঙ) 'স্বাধীনতা-সঙ্গীত' কবিতায় উল্লিখিত 'চিতোর' কোথায় অবস্থিত ?
- (চ) 'শ্রাবণে' কবিতাটি কোন্ কাব্যগ্রন্থের অন্তর্গত ?
- (ছ) 'রজনী' উপন্যাসটি প্রথমে কোন্ পত্রিকায় প্রকাশিত হয় ?
- (জ) 'রজনী' উপন্যাসে মোট কয়টি খণ্ড রয়েছে ?
- (ঝ) শচীন্দ্রের ছেলের নাম কী ?
- (ঞ) ললিতলবঙ্গলতার বয়স হল ১৭ বৎসর / ১৯ বৎসর / ২১ বৎসর ।

(শুদ্ধ উত্তরটি লেখো)

২। সংক্ষিপ্ত উত্তর দাও :

২×৫=১০

- (ক) “কি পাপে হরানু আমি তোমা হেন ধনে?”
—বক্তা কে এবং কাকে উদ্দেশ্য করে এই উক্তি ?
- (খ) বারুণীর দুই সখীর নাম লেখো ।
- (গ) 'মৃত্যু-সুহৃৎ' কবিতায় উল্লিখিত দুটি ঋতুর নাম লেখো ।
- (ঘ) রজনীর আসল পিতা ও পালকপিতার নাম লেখো ।
- (ঙ) রামসদয় মিত্রের বয়স কত ? তাঁর প্রথম স্ত্রীর নাম কী ?

(3)

৩। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও :

৫×৪=২০

- (ক) “একটি রতন মোরে দিয়াছিল বিধি
কৃপাময়; দীন আমি খুয়েছি তাকে
রক্ষাহেতু তব কাছে,”
—উক্তিটি কার ? কাকে উদ্দেশ্য করে তিনি উক্তিটি করেছেন ? তাঁর এমন উক্তির কারণ কী, লেখো ।
- (খ) জলদেবী বারুণী সম্পর্কে আলোচনা করো ।
- (গ) ‘সুরবালা’ কবিতাটির নামকরণের সার্থকতা বিচার করো ।
- (ঘ) সপ্রসঙ্গ ব্যাখ্যা করো :
“স্মরহ ইক্ষুকু-বংশে কত বীরগণ হে,
কত বীরগণ ।
পরহিতে দেশ-হিতে ত্যজিল জীবন হে,
ত্যজিল জীবন ॥”
- (ঙ) গোপাল ও রজনীর বিবাহ ব্যর্থ করার জন্য চাঁপা কীভাবে ষড়যন্ত্র করেছিল ? তার পরিণাম কী হয়েছিল, সংক্ষেপে আলোচনা করো ।
- (চ) “তোমার এই সমুদ্রতুল্য হৃদয়ে কি আমার জন্য এতটুকু স্থান নাই?”
—উক্তিটি কার এবং কাকে উদ্দেশ্য করে বলেছেন ? সপ্রসঙ্গ আলোচনা করো ।

- ৪। (ক) 'মেঘনাদবধ কাব্য'-এর প্রথম সর্গের অনুসরণে দেবতা, রাক্ষস ও মানব চরিত্র-চিত্রণে মধুসূদনের কৃতিত্ব আলোচনা করো। ১০

অথবা

- (খ) 'মেঘনাদবধ কাব্য'-এর প্রথম সর্গের মূল্যায়ন করো।

- ৫। (ক) 'শ্রাবণে' কবিতায় বর্ষার বিষণ্ণ-মাধুরী চিত্রণে কবির কৃতিত্ব বিচার করো। ১০

অথবা

- (খ) 'মৃত্যু-সুহৃৎ' কবিতায় ব্যক্ত কবির মৃত্যু-চেতনার সার্থকতা বিচার করো।

- ৬। (ক) 'রজনী' উপন্যাসের নামকরণের সার্থকতা বিচার করো। ১০

অথবা

- (খ) অমরনাথ ও লবঙ্গলতার প্রেম-সম্পর্কের স্বরূপ আলোচনা করো।

- ৭। (ক) 'রজনী' উপন্যাসে সন্ন্যাসী ঠাকুরের ভূমিকা সম্পর্কে আলোচনা করো। ১০

অথবা

- (খ) 'মেঘনাদবধ কাব্য'-এর বীরবাহু চরিত্র সম্পর্কে আলোচনা করো।
